প্রতিদিনের বাংলাদেশ

ঢাবিতে গবেষণায় সার্টিফিকেট প্রদান অনুষ্ঠান

● নিজস্ব প্রতিবেদক

'অ্যাডভান্সড কোর্স অব রিসার্চ মেথডোলজি (এসিআরএম)' শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ২৮তম ব্যাচের সার্টিফিকেট প্রদান অনুষ্ঠান গত শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অংশগ্রহণকারীদের মাঝে সার্টিফিকেট এবং ক্রেস্ট বিতরণ করেন। প্রো-ভিসি (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা নিয়মিতভাবে এই কোর্সের আয়োজন এবং নতুন গবেষক তৈরিতে অবদান রাখায় আইইআর কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। শিক্ষা ও গবেষণা উন্নয়নের লক্ষ্যে গবেষণা জ্ঞানকে ব্যবহারিক ক্ষেত্রে প্রয়োগের ওপর তিনি গুরুত্বারোপ করেন। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ে প্রায়োগিক গবেষণা পরিচালনার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়-শিল্প সহযোগিতা কমিটি গঠনসহ বেশ কিছু উদ্যোগ গ্রহণ করেছে।

এসিআরএম কোর্স সমন্বয়কারী অধ্যাপক ড. মোহাম্মদ মনিনুর রশিদের সভাপতিত্বে অনুষ্ঠানে আইইআরের পরিচালক অধ্যাপক হোসনে আরা বেগম এবং অধ্যাপক

■ এরপর পৃষ্ঠা ১১ কলাম ৫

ঢাবিতে গবেষণায়

■ ১২ পৃষ্ঠার পর

ড. মোহাম্মদ আলী জিন্নাহ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন। অধ্যাপক ড. তামান্না সুলতানা স্বাগত বক্তব্য দেন এবং সহযোগী অধ্যাপক ড. সায়রা হোসেন ধন্যবাদ জ্ঞাপন করেন।

উল্লেখ্য, বিভিন্ন খাতের পেশাজীবী এই প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেন। আইইআর কর্তৃপক্ষ এসিআরএম প্রোগ্রামটি নিয়মিতভাবে আয়োজন করছে। গবেষকদের পরিচর্যা, দক্ষতা বৃদ্ধি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ে একটি শক্তিশালী গবেষণা সংস্কৃতি গড়ে তুলতে এ প্রোগ্রাম গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করা যাচ্ছে।



'অ্যাডভান্সড কোর্স অব রিসার্চ মেথডোলজি (এসিআরএম)' শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ২৮তম ব্যাচের সার্টিফিকেট প্রদান অনুষ্ঠান ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটে হয়। গতকাল পাওয়া ছবি ● প্রতিদিনের সংবাদ

খোলা কাগজ



ঢাবি শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটে সার্টিফিকেট প্রদান অনুষ্ঠান

'অ্যাডভান্সড কোর্স অফ রিসার্চ মেথডোলজি (এসিআরএম)' শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ২৮তম ব্যাচের সার্টিফিকেট প্রদান অনুষ্ঠান ১৯ সেপ্টেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অংশগ্রহণকারীদের মাঝে সার্টিফিকেট এবং ক্রেস্ট বিতরণ করেন। প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা নিয়মিতভাবে এই কোর্সের আয়োজন এবং নতুন গবেষক তৈরিতে অবদান রাখায় আইইআর কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। এসিআরএম কোর্স সমন্বয়কারী অধ্যাপক ড. মোহাম্মদ মনিনুর রশিদের সভাপতিত্বে অনুষ্ঠানে আইইআর-এর পরিচালক অধ্যাপক হোসনে আরা বেগম এবং অধ্যাপক ড. মোহাম্মদ আলী জিন্নাহ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। অধ্যাপক ড. তামান্না সুলতানা স্বাগত বক্তব্য দেন এবং সহযোগী অধ্যাপক ড. সায়রা হোসেন ধন্যবাদ জ্ঞাপন করেন। বিজ্ঞপ্তি

The Financial Express

UGC takes steps to address teacher shortage in public universities: SMA Faiz

ISLAMIC UNIVERSITY, Sept 20 (UNB): The University Grants Commission (UGC) Chairman Prof SMA Faiz has assured that all vacant teaching positions in public universities across the country will be filled as quickly as possible.

He made the remarks while delivering the keynote speech at the inaugural ceremony of a two-day fresher orientation programme for the 2024-2025 academic session held at Birshreshtha Hamidur Rahman Auditorium of Islamic University in Kushtia on Saturday.

'Universities are facing severe teacher shortages. We will hold a meeting in the coming days and make every effort to approve the vacant positions. I will do everything possible for Islamic University and other universities. A dedicated team is



already working on this plan, he said.

Presided over by the university vice-chancellor Prof Nakib Muhammad Nasrullah, IU pro-vice-chancellor Prof M Yeaqub Ali and treasurer Prof M Jahangir Alam were present at the event as the special guests.

IU Arabic Language and Literature department Prof M Rafiqul Islam and Social Welfare department lecturer M Habibur Rahman jointly conducted the event while the event convener and Social Sciences faculty dean Prof Begum Roksana Mili delivered welcome speech.

Addressing the freshmen, Dr. Faiz recalled, "In 2012, two students of Islamic University went missing, reflecting the political reality of the past sixteen years. While we could not fully liberate the country, today's students have taken on that responsibility. I am grateful to you all for your courage in defending our freedom.'

Among others, IU acting registrar Prof M Manjurul Haque, Law faculty dean Prof Khandakar Tauhidul Alam, Biological Sciences faculty dean Prof Babli Sabina Azhar, student adviser Professor Obaidul Islam, and proctor Prof Shahinuzzaman were present on the occasion.

Later, a cultural function participated by teachers and students of different departments of the university was held there.

The New Age

All vacant teaching posts at public univs to be filled soon: UGC chairman

Our Correspondent · Kushtia

UNIVERSITY Grants Commission chairman Professor SMA Faiz on Saturday assured that all vacant teaching positions in public universities across the country would be filled as quickly as possible.

His assurance came during his address at the first day of the two-day fresher orientation programme for the 2024-25 academic session held at Birshreshtha Hamidur Rahman Auditorium at Islamic University in Kushtia.

'Universities are fraught with severe teacher shortages. We will hold a meeting shortly and make every effort to approve the vacant positions. I will do everything possible for Islamic University and other universities. A dedicated team is already working on this plan,' he said.

Presided over by the university vice-chancellor, Professor Nakib Muhammad Nasrullah, university pro-vice-chancellor Professor M Yeaqub Ali and treasurer Professor M Jahangir Alam were also present at the programme as special guests.

The university's Arabic language and literature professor M Rafiqul Islam and social welfare lecturer M Habibur Rahman jointly conducted the event, while event convener and social sciences faculty dean Professor Begum Roksana Mili delivered the welcome speech.

Addressing the freshers, Dr Faiz recalled, 'In 2012, two students of Islamic University went missing. That reflected the political reality of the past sixteen years.'

He also acknowledged the students' leading role in bringing about the regime change.

'We could not liberate the country, but the students of today have taken on that responsibility. I am grateful to you all for your courage in defending our freedom.'

Among others, the university's acting registrar Professor M Manjurul Haque, Law faculty dean Professor Khandakar Tauhidul Alam, Biological Sciences faculty dean Professor Babli Sabina Azhar, student adviser Professor Obaidul Islam, and proctor Professor Shahinuzzaman were present on the occasion.

The programme also featured cultural performances by teachers and students.

প্রথম আলো

ঢাকা বিশ্ববিদ্যালয় ইংলিশ ল্যাঙ্গুয়েজ ক্লাব

ভয় বা সংকোচ নয়; বরং আনন্দ ও আত্মবিশ্বাস নিয়ে যেন শিক্ষার্থীরা ইংরেজিতে কথা বলতে শেখেন, এমন প্রত্যয় নিয়েই ২০২০ সালে প্রতিষ্ঠিত হয় ঢাকা বিশ্ববিদ্যালয় ইংলিশ ল্যাঙ্গুয়েজ ক্লাব।

সাবলীল ইংরেজি কথন চর্চা করতে ক্লাবের পক্ষ থেকে নিয়মিত আয়োজন করা হয় ডিবেট সেশন (বিতর্ক), ইন্টারঅ্যাকটিভ স্পিকিং ক্লাস, বইপ্রেমীদের জন্য রিডিং সার্কেল, ইংরেজি সিনেমা দেখা ও তা নিয়ে আলোচনা করা, পাবলিক স্পিকিং ওয়ার্কশপ, ভোকাবুলারি গেমস, রাইটিং প্র্যাকটিসসহ নানা কিছু। শুরুতে ভয় ও সংকোচের কারণে অনেকে অংশ নিতে চান না। তাঁরা ভাবেন, 'ভুল করলে অন্যরা হাসবেন।' কিন্তু যখন দেখেন, তাঁদের ভুল নিয়ে কেউ হাসাহাসি করছেন না; বরং উৎসাহ দিচ্ছেন, তখন তাঁরা ধীরে ধীরে সাহস পান।

ক্লাবের প্রতিষ্ঠাতা ও প্রশিক্ষক মোহাম্মদ হীরা সরকার বলেন, 'চোখের সামনেই আমরা অনেক শিক্ষার্থীর দারুণ পরিবর্তন দেখি। আগে হয়তো কেউ শ্রোতার আসনে চুপচাপ বসে থাকত, তাকেই দেখি আত্মবিশ্বাসের সঙ্গে মঞ্চে দাঁড়াচ্ছে। কেউ হয়তো চাকরির ইন্টারভিউ নিয়ে ভয়ে ছিল, এখন সে-ই সাফল্যের সঙ্গে ক্যারিয়ার গড়েছে। আমাদের ক্লাবের অনেক সদস্য এখন বিসিএস ক্যাডার, অনেকে বিদেশে পড়ালেখা করছে।'



ঢাকা বিশ্ববিদ্যালয় ইংলিশ ল্যাঙ্গুয়েজ ক্লাবের সদস্যদের একাংশ। ছবি : ক্লাবের সৌজন্যে

ক্লাবের পক্ষ থেকে সব সময় চেষ্টা করা হয়, পরিবেশটা যেন প্রাণবন্ত থাকে। ক্লাবের প্রতিষ্ঠাতা মনে করেন, 'ভুল মানে শেখা।' তাই ভুল করতে ভয় পাওয়া যাবে না।

ইংরেজি শেখার প্রতি শিক্ষার্থীদের আগ্রহ আরও বাড়াতে ভবিষ্যতে 'ইন্টার ইউনিভার্সিটি ইংলিশ ফেস্টিভ্যাল' আয়োজন করতে চান ক্লাবের সদস্যরা, যেখানে সারা দেশের ছাত্রছাত্রীরা অংশ নেবেন। পাশাপাশি একটি ডিজিটাল লার্নিং প্ল্যাটফর্ম তৈরির পরিকল্পনা আছে। আন্তর্জাতিক পর্যায়ের সেমিনার আয়োজন নিয়েও ভাবছেন তাঁরা।

দৈনিক বাংলা



ইউএপি, ঢাবি ও জার্মান বিশ্ববিদ্যালয়ের যৌথ আন্তর্জাতিক সম্মেলন শুরু

নিজস্ব প্রতিবেদক

ব্যবসা ও প্রযুক্তির সমন্বয়ে টেকসই উন্নয়ন নিশ্চিত করতে শিক্ষাবিদ, গবেষক ও নীতি-নির্ধারকদের নিয়ে গতকাল শনিবার শুরু হয়েছে দুই দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন 'ইন্টারন্যাশনাল কনফারেন্স অন বিজনেস অ্যান্ড টেকনোলজি (আইসিবিটি)-২০২৫'।

ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের (ইউএপি) স্কুল অব বিজনেস, ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি), ব্যবসায় শিক্ষা অনুষদ এবং জার্মানির ওয়েইডেন বিজনেস স্কুল ও ইনস্টিটিউট অব সাইকোলজিক্যাল অ্যান্ড বিহেভিয়ারাল সায়েন্সের যৌথ আয়োজনে অনুষ্ঠিত এ সম্মেলনের এবারের প্রতিপাদ্য 'টেকসই উন্নয়ন অর্জনে ব্যবসা ও প্রযুক্তির আন্তঃসম্পর্ক'।

সম্মেলন ইউএপি ক্যাম্পাসে উদ্বোধনের মাধ্যমে শুরু হয়ে কাল ২১ সেপ্টেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ে সমাপনী অধিবেশনের মাধ্যমে শেষ হবে। দুই দিনব্যাপী এই আয়োজনে বিশ্বের বিভিন্ন দেশের প্রায় ২৫০ জন অংশগ্রহণকারী শতাধিক গবেষণা প্রবন্ধ উপস্থাপন করবেন।

কর্মসূচির মধ্যে রয়েছে ১০ জন আন্তর্জাতিক কী-নোট বক্তার বক্তব্য, বিভিন্ন উপস্থাপনা, ইন্টারেক্টিভ সেশন ও প্যানেল আলোচনা, যেখানে ব্যবসা ও প্রযুক্তির সমন্বয়ে অর্থনৈতিক, সামাজিক ও পরিবেশগত চ্যালেঞ্জ মোকাবিলার উপায় নিয়ে আলোচনা হবে।

আজ ইউএপি অডিটোরিয়ামে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন অন্তর্বর্তী সরকারের পরিকল্পনা বিষয়ক উপদেষ্টা ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ। তিনি বলেন, 'এ ধরনের সম্মেলন শিক্ষাবিদ, পেশাজীবী ও নীতি নির্ধারকদের জন্য একটি গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম তৈরি করে, যা জাতির টেকসই উন্নয়নে অবদান রাখে।'

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউএপি ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন হুপতি মাহবুবা হক, ইউএপির উপাচার্য অধ্যাপক ড. কামরুল আহসান এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপউপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ।

হুপতি মাহবুবা হক ইউএপির একাডেমিক উৎকর্ষতা, উদ্ভাবন ও বৈশ্বিক সম্পৃক্ততার প্রতিশ্রুতি ব্যক্ত করেন। অধ্যাপক ড. কামরুল আহসান বলেন, এই সম্মেলন ইউএপির উচ্চশিক্ষা ও গবেষণার ভিশনকে প্রতিফলিত করছে।

অধ্যাপক ড. মামুন আহমেদ বিশ্ববিদ্যালয়গুলোর পারস্পরিক সহযোগিতার গুরুত্ব তুলে ধরেন।

দুই দিনব্যাপী সম্মেলনে সভাপতিত্ব করেন অধ্যাপক ড. এম. এ. বাকি খাসিলী (ইউএপি), ড. ক্রিশ্চিয়ানে হেলবাখ (ওটিএইচ অ্যামবার্গ-ওয়েইডেন) ও অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম (ঢাকা বিশ্ববিদ্যালয়)। মূল প্রবন্ধ উপস্থাপন করেন যুক্তরাজ্যের আলস্টার বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. এস. আর. ওসমানী; তিনি ব্যবসা, প্রযুক্তি ও টেকসই উন্নয়নের সমন্বয়ে মূল্যবান দিকনির্দেশনা প্রদান করেন।

The Business Standard

UAP, DU, German partners open 2-day Int'l Business and Technology Conference



Wahiduddin Mahmud, adviser for Planning, Architect Mahbuba Haque, Prof Qumrul Ahsan and other distinguished guests attend the launch of two-day International Conference on Business and Technology (ICBT) on Saturday. PHOTO: COURTESY

BUSINESS - DHAKA

TBS REPORT

The School of Business, University of Asia Pacific (UAP), in collaboration with the Faculty of Business Studies, University of Dhaka, and Weiden Business School and Institute of Psychological & Behavioral Science, Germany, has launched the International Conference on Business and Technology (ICBT) 2025.

The two-day conference runs from 20 to 21 September under the theme "The Vital Interplay between Business and Technology in Achieving Sustainable Development."

The inaugural ceremony took place at the UAP Auditorium, Dhaka, with Wahiduddin Mahmud, adviser for Planning to the Interim Government of Bangladesh, as chief guest. Mahmud emphasised the role of research, innovation, and global collaboration in sustainable development, noting that conferences like ICBT provide a platform for academics, professionals, and policymakers to contribute effectively.

Special guests included Architect Mahbuba Haque, chairperson of UAP Board of Trustees; Prof Qumrul Ahsan, VC of UAP; and Prof Mamun Ahmed, Pro-VC (Academic), DU.

The opening remarks were delivered by Prof MA Baqui Khalily, Christiane Hellbach, and Prof Mahmood Osman Imam, the conference chairs.

The keynote address was presented by Prof SR Osmani of Ulster University, UK, highlighting the convergence of business, technology, and sustainable development.

The session concluded with commemorative crests presented to honoured guests, followed by a vote of thanks from Sarwar Razzaq Chowdhury, head of UAP's Department of Business Administration.